

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
শুংখলা-১ শাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০২৪.২০১৪-৬০৭

তারিখঃ ২/০৫.২০১৪ খ্রিস্টাব্দ

আদেশ

যেহেতু, ডাঃ মোঃ আবুল কালাম আজাদ (৪৩৩৩৬), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে ২৫.০২.২০১৪ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.০২৪.২০১৪-১৬৫ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ১৫.০৫.২০১৪ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, তিনি ব্যক্তিগত শুনানীর সময় জানান যে, তিনি এমএস (চক্ষু) কোর্সে ধারাবাহিকতা রক্ষার্থে বিনাবেতনে ছুটির আবেদন করেছিলেন। ধারাবাহিকভাবে শেষ পর্ব কোর্স সম্পন্ন না করলে তার ১ম ও ২য় পর্বের কোর্সসমূহ মূল্যহীন তথা বাতিল হয়ে পড়ত। তিনি এমএস (চক্ষু) শেষ পর্ব কোর্সে থাকাকালীন সময়ে জাতীয় চক্ষুবিজ্ঞান ইনস্টিটিউট ও হাসপাতালে একজন রেসিডেন্ট চিকিৎসক হিসাবে দায়িত্ব পালন করেছেন এবং পড়াশুনার পাশাপাশি হাসপাতালের বহিঃবিভাগে ও আন্তঃবিভাগে আগত রোগীদের চিকিৎসা সেবা প্রদান করেছেন। তিনি গত ০২ বছর তিনি কোন ধরনের বেতন ভাতা উত্তোলন করেননি;

এক্ষেণে, সেহেতু, ডাঃ মোঃ আবুল কালাম আজাদ (৪৩৩৩৬), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনা করে তাঁকে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(এ) বিধিমেতে 'তিরস্কার' করে বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হল।

(এ. এম. বদরুদ্দোজা)  
অতিরিক্ত সচিব

উপ-পরিচালক

বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস  
তেজগাঁও, ঢাকা

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০২৪.২০১৪-

তারিখঃ ২/০৫.২০১৪ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৩। উপ-সচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৪। উপ-পরিচালক (শুংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৫। সিনিয়র সহকারী সচিব (চিশি-২), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৬। সিনিয়র সহকারী সচিব (পার-৫), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
- ৮। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৯। ডাঃ মোঃ আবুল কালাম আজাদ (৪৩৩৩৬), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (স্থায়ী ঠিকানাঃ- গ্রাম-চরখালী, ডাকঘর-চরখালী, হেটালিয়া, পিরোজপুর)

(এম. কে. হাসান মোশেদ)  
সহকারী সচিব

ফোনঃ ৯৫৪৬৬৫৫

[sasdisc1@mohfw.gov.bd](mailto:sasdisc1@mohfw.gov.bd)